দৈনিক ইনকিলাব

তারিখ 12 DEC 1998

পৃষ্ঠা ১২ কলাম ৭

# এসএসসি পরীক্ষার ফরম পূরণ ও স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে ফী নির্ধারণ চলছে ফ্রী স্টাইলে

মোঃ আবদুর রহিম ॥ এসএসসি পরীক্ষার ফরম পূরণ ও স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে ফী নির্ধারণ চলছে ফ্রী স্টাইলে। এ ক্ষেত্রে এক স্কুলের সাথে আর এক স্কুল এবং এক কলেজের সাথে আর এক কলেজের কোন সামঞ্জস্যতা নেই। সরকারী নির্দেশ এ ক্ষেত্রে উপেক্ষিত হচ্ছে।

সারাদেশে এখন এসএসসি পরীক্ষার ফরম পূরণ, এইচএসসি এবং স্কুলে ভর্তির মৌসুম।পরীক্ষার ফরম পূরণ এবং ভর্তির জন্য বিপুল অংকের টাকা যোগাতে অধিকাংশ অভিভাবক ছুটাছুটি করছেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সাথে যোগাযোগ করে অভিভাবকগণ অর্থনৈতিক বিষয়ে কোন সহযোগিতা পাচ্ছে না। এসএসসির ফরম পূরণ, এইচএসসিতে এবং স্কুলে ভর্তির জন্য বিপুল অংকের টাকা যোগাতে অভিভাবক মহল হিমশিম খাচ্ছেন। অনেক অভিভাবক অর্থনৈতিক সংকটের কারণে ছেলেমেয়েকে যোগ্যতা থাকা সত্ত্বেও কাংক্ষিত কলেজে ভর্তি করতে পারছেন না।

এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ডের নির্ধারিত ফী ১১শ' টাকার মত। কিন্তু কোন স্কুলেই বোর্ড নির্ধারিত টাকায় এসএসসি পরীক্ষার ফরম পূরণ করা যায় না। অল্প সংখ্যক স্কুলে ১৬/১৭শ' টাকার বিনিময়ে ফরম পূরণ করা সম্ভব হলেও অধিকাংশ স্কুলে ফরম পূরণ করতে দুই হাজার টাকার বেশী লাগে। আবার অনেক স্কুলে ফরম পূরণে ৩ হাজার টাকাও দিতে হচ্ছে। এত টাকা যোগাতে অভিভাবক মহল অপারগ। অধিকাংশ অভিভাবকই ধারদেনা করে ছাত্র-ছাত্রীর ফরম পূরণের টাকা সংগ্রহ করছেন। এমতাবস্থায় তারা পত্রিকা অফিসসমূহে এসে তাদের করুণ অবস্থার কথা জানাচ্ছেন।

কলেজে ভর্তির ক্ষেত্রে অভিভাবকদের অবস্থা আরো করুণ। কলেজে ভর্তি করাতে কলেজসমূহে ৪ থেকে ১০ হাজার টাকা ধার্য করা হয়েছে। অধিকাংশ কলেজে ভর্তি হতে ৫/৬ হাজার টাকার প্রয়োজন হয়। এমতাবস্থায় ছেলে-মেয়ের যোগ্যতা থাকা সত্ত্বেও অভিভাবক তার মনমত কলেজে ছেলে-মেয়েকে ভর্তি করাতে পারেননি এবং অনেকের পক্ষে সম্ভব হবে না।

আগামী মাসে ছাত্র-ছাত্রীদেরকে স্কুলে ভর্তি করাতে অভিভাবক মহল ছুটাছুটি করছেন। এ ক্ষেত্রেও অনেক অভিভাবক তার সন্তানকে অর্থনৈতিক অনটনের কারণে একটি ভাল স্কুলে ভর্তি করাতে পারবেন না। যেমন ভিকারুননেছা নুন স্কুলে ভর্তি করাতে অনেক অভিভাবকের পক্ষে ৮/১০ হাজার টাকা সংগ্রহ করা সম্ভব নয়। ফলে তারা তাদের সন্তানকে "এই স্কুলে" ভর্তি করাতে চিন্তাই করবেন না। তাছাড়া বর্তমান অর্থনৈতিক অবস্থায় ৩ হাজার টাকা সংগ্রহ করাও কঠিন। বিশ্ববিদ্যালয় কলেজ ও বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি করাতে ১ থেকে দেড় লাখ টাকা পর্যন্ত প্রয়োজন হয়। যা একজন সাধারণ অভিভাবকের পক্ষে কল্পনা করাই কঠিন।

এমতাবস্থায় অনেকেই অভিমত পোষণ করছেন রাজধানীতে গরীব জনগোষ্ঠীর শিক্ষা গ্রহণের সুযোগ বন্ধ হতে চলছে। ভুক্তভোগী মহল উল্লেখিত বিষয়ে সরকারের কঠোর পদক্ষেপ কামনা করছেন।